

## কুড়িগ্রামের শিক্ষা উন্নয়নে মতবিনিময়

**প্রতিনিধি, কুড়িগ্রাম**

শিক্ষা ক্ষেত্রে সাক্ষরতা ধরে রাখা এবং চ্যালেঞ্জগুলো উত্তরানোর জন্য পর্যালোচনামূলক মতবিনিময় সভা শনিবার সলিডারিটি প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইমতিয়াজ হোসেন এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রওশন আরা চৌধুরীর সভাপতিত্বে উল্লেখ্য আলোচনায় বক্তব্য রাখেন সদর উপজেলা চেয়ারম্যান পনির উদ্দিন আহমেদ, সদর ইউএনও মোস্তাফিজার রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবদুল কাদের, পাবলিক প্রিন্টিং উইথ আউট অফিসার আবদুল হক, গণসাক্ষরতা অভিযানের কার্যক্রম ব্যবস্থাপক কেএম এনামুল হক, উপ-কার্যক্রম ব্যবস্থাপক মো. এনামুল হক, সলিডারিটির নির্বাহী পরিচালক এসএমহারুন অর রশীদ দাশ, আডভোকেট রেহেনা খানম বিউটি, প্রেসক্লাবের সভাপতি সফি খান, সাধারণ সম্পাদক আহসান হাবীব মিলু, রবীন্দ্রনাথ সরকার, হুমায়ুন কবির সূর্য্য, আশেজা বেগম প্রবুথ। অনুষ্ঠানের আয়োজক স্থানীয় বেসরকারি সংস্থা সলিডারিটি এবং আর্থিক সহযোগিতায় গণসাক্ষরতা অভিযান। অনুষ্ঠানে বাংলাদেশের শিক্ষা সেক্টরের ওপর বিশ্বব্যাংক এডুকেশন সেক্টরের ডিডিউ সার-সংক্ষেপের ওপর পর্যালোচনামূলক প্রতিবেদনের উপস্থাপন করা হয়। অংশগ্রহণকারীরা শিক্ষা ক্ষেত্রে অর্জন, স্থানীয় ও জাতীয় পর্যায়ে করণীয় এবং আগামী সরকারের কাছে প্রত্যাশা বিষয়ক গ্রুপ ওয়ার্ক উপস্থাপন করেন। এতে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, শিক্ষক, এনজিও সংগঠক, সামাজিক ব্যক্তিত্ব, আডভোকেট, সাংবাদিকসহ ৬০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।